

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স- ১৬৩০

জিরানীয়া, ২৮ অক্টোবর, ২০২৪

জিরানীয়া মহকুমায় মিশ্র মৎস্য চাষে সহায়তা

জিরানীয়া মহকুমায় চলতি অর্থবছরে মৎস্য দপ্তরের বার্ষিক পরিকল্পনায় ৩৪ জন মৎস্যচাষিকে মৎস্য চাষে সহায়তা দেওয়া হয়েছে। এই কর্মসূচিতে সুবিধাভোগী মৎস্যচাষিদের মধ্যে মিশ্র প্রজাতির মাছের পোনা দেওয়া হয়েছে। এজন্য ব্যয় হয়েছে ২ লক্ষ ১৭ হাজার ৬০০ টাকা। এই কর্মসূচিতে মহকুমার ২.৭২ হেক্টর জলাশয় মৎস্য চাষের আওতায় আসবে। মহকুমার পুরাতন আগরতলা, মান্দাই ও জিরানীয়া ব্লকে ৮ জন করে মৎস্যচাষি, বেলবাড়ি ব্লকে ৬ জন মৎস্যচাষি, রাণীরবাজার পুর এলাকা ও জিরানীয়া নগর পঞ্চায়েত এলাকার ২ জন করে মৎস্যচাষি উপকৃত হবেন। জিরানীয়া মৎস্য তত্ত্বাবধায়কের কার্যালয় থেকে এই সংবাদ জানানো হয়েছে।

\*\*\*\*\*